

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ # ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ১৫

স্বাধীনতার পক্ষে শিক্ষার্থীদের সমর্থনের আহ্বান  
-সংস্কৃতি প্রতিমন্ত্রীর

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ বলেন, শোকার্ত এ মাসের শোককে শক্তিতে পরিণত করে জাতির পিতার সোনার বাংলা গড়ার লক্ষ্যে প্রত্যেক শিক্ষার্থীকে স্বাধীনতার পক্ষে সমর্থন দিতে হবে। বর্তমান শিক্ষার অগ্রগতিকে আরো ত্বরান্বিত করতে বর্তমান সরকারের কোন বিকল্প নেই। আজকের শিক্ষার্থীরা আগামী প্রজন্মের নেতৃত্বের অংশীদার তাই অবশ্যই দেশের স্বাধীনতার ইতিহাস তাদেরকে জানতে হবে।

প্রতিমন্ত্রী আজ (১০ আগস্ট) শোক দিবস উপলক্ষে জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক গ্রন্থ পাঠ কার্যক্রম উদ্বোধন ও বই বিতরণ উপলক্ষে মুক্তাগাছা উপজেলার শহীদ স্মৃতি সরকারি কলেজ মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে তিনি এসব কথা বলেন।

প্রধান অতিথি আরো বলেন, এই শোকাবহ আগস্ট আমাদের অনেক কিছু দিয়েছে এবং একই সাথে অনেক কিছু কেড়েও নিয়েছে। এ মাসেই শহীদ মুক্তিযোদ্ধা শেখ কামালের জন্মদিন এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেহারও জন্মদিন। আবার এ মাসেই শাহাদাত হয়েছেন জাতির পিতা শেখ মুজিবুরসহ তাঁর পরিবারের ১৭ সদস্য। প্রতিমন্ত্রী ১৫ আগস্টের ভয়াবহতা বর্ণনা করতে যেয়ে বলেন, জাতির পিতা দেশের মানুষের মুক্তির জন্য সারাজীবন লড়াই করেছেন, রাজনৈতিক জীবনের ৪০ বছরের মধ্যে ১৩ বছর জেলখানায় কাটিয়েছেন। এর প্রতিদানে দেশের কিছু বিপথগামী সৈনিক বঙ্গবন্ধুসহ পরিবারের ১৭ সদস্যকে নির্মমভাবে হত্যা করেছে।

এর আগে প্রতিমন্ত্রী শহীদ স্মৃতি সরকারি কলেজের নতুন গ্রন্থাগার উদ্বোধন করেন। এরপর শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধুর আত্মজীবনী বইটি বিতরণ করেন। এ সময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, এ কলেজকে একটি আধুনিক ক্যাম্পাসে পরিণত করা হবে, একই সাথে মুক্তাগাছা হবে একটি মডেল উপজেলা। আর এ উন্নয়নকে বাস্তবায়ন করতে হলে রাষ্ট্রক্ষমতায় আবারো বর্তমান সরকারকে প্রতিষ্ঠিত করতে হবে। সেলক্ষ্যে, উপস্থিত সবাইকে স্বাধীনতা ও সরকারের পক্ষে কাজ করার আহ্বান জানান।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, পরিচালক, জাতীয় গ্রন্থাগার, কবি মিনার মনসুর; ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোঃ আরব আলী এবং সদস্য, জেলা পরিষদ, মাহবুব আলম মনিসহ স্থানীয় নেতৃবৃন্দগণ।

#

রেজভী/রিদওয়ান/মনির/সজিব/২০২৩/১৬.০০ ঘণ্টা